শিক্ষার্থী ও স্কুলের জন্য মানউন্নয়ন:

কার্যকর পদক্ষেপগ্রহণে আমাদের প্রতিশ্রুতি

NYC
Department of Education
Dennis M. Walcott, Chancellor

সূচিপত্র

শিক্ষার্থী ও স্কুলের জন্য মানউন্নয়ন ২

লক্ষ্য: সব শিক্ষার্থীকে কলেজ পেশার জন্য তৈরি ৪

লক্ষ্য বাস্তবায়নে আমাদের কৌশল: পরিবারসমূহকে সংশ্লিষ্ট কর ৬

কার্যকর পদক্ষেপগ্রহণে আমাদের প্রতিশ্রুতি

১. শিক্ষকতা ও শিক্ষণে প্রত্যাশা বৃদ্ধি ৯

২. নতুন স্কুল স্থাপন এবং বিদ্যমান স্কুলসমূহে সহায়তা দান ১৩

৩. অপরিহার্য সহযোগী হিসেবে পরিবারগুলোকে অবগত ও সংশ্লিষ্ট করা ১৭

মানউন্নয়ন করার জন্য আমাদের সাথে যোগ দিন ২০

সকল তরুণ শিক্ষার্থীকে এমন একটি শিক্ষা ব্যবস্থায় প্রবেশের জন্য সুযোগ প্রদান করা, প্রস্তুত করা যা তাদেরকে কলেজে ও কর্মক্ষেত্রে সফল্যের জন্যে সহায়তা করে। এগুলো সেসব সামাজিক ও অর্থনৈতিক চ্যালেঞ্জ যা সিটি ও জাতি হিসেবে আমাদেরকে মোকাবেলা করতে হয়। আমরা সবাই জানি যে শিক্ষাই মানুষকে বহুবিধ পন্থায় তাদের সম্ভাবনা বাস্তবায়ন করতে সমর্থ করে: একটি ভালো বেতনের চাকরি, সুস্বাস্থ্য বজায় রাখা, পরিবারের জন্য অধিকতর স্বস্তি, এবং একটি উন্নত মানবিশিষ্ট জীবন, ইত্যাদি।

শিক্ষার্থী ও স্কুলের জন্য মানউন্নয়ন

নিউ ইয়র্ক সিটির পাবলিক স্কুলগুলো এই শিক্ষাগত সুযোগ প্রদানের প্রতিশ্রুতি বাস্তবায়নের প্রতি নিবিষ্ট। এটা আমাদের কাছে নিউ ইয়র্কের ১১ লাখ শিক্ষার্থীর সবার পাওনা। প্রতিষ্ঠান হিসেবে আমরা এসব দায়িত্ব সম্পাদনের জন্য কী করেছি, এবং ভবিষ্যতে যে উচ্চতর কাজগুলো করবো, আমরা চাই পিতামাতা, স্কুল কম্যুনিটি, এবং বৃহত্তর সমাজ এসব জানুক।

মেয়র ব্লুমবার্গের ২০০২ সালের চিল্ড্রেন ফার্স্ট (শিশুরাই প্রথম) উদ্যোগের পর আমাদের শিক্ষক, প্রিন্সিপ্যাল, স্কুল সাপোর্ট কর্মী, পিতামাতা, শিক্ষার্থী এবং কম্যুনিটি কঠোরভাবে কাজ করার মধ্য দিয়ে শিক্ষা ব্যবস্থার উন্নতিসাধনের পথে উল্লেখযোগ্য অগ্রগতি অর্জন করেছে।

- শত শত মিলিয়ন ডলার অন্যত্র থেকে এনে স্কুল বাজেটে দেওয়া হয়েছে যাতে শিক্ষার্থীদের সাথে ঘনিষ্ঠভাবে যারা কাজ করেন, তারা শিক্ষার্থীদের সফল হওয়ার ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করতে সক্ষম হতে পারেন।
- একদল প্রতিভাদীপ্ত নেতৃবৃন্দ ও শিক্ষকমণ্ডলী যৌথভাবে কাজ করেছেন এবং উদ্ভাবনামূলক পদ্ধতি ব্যবহার করেছেন যাতে সরকারি শিক্ষাকে নবায়িত করা এবং হাজার হাজার ছেলেমেয়েদের জীবনকে পরিবর্তিত করা যায়।
- সিটি ২০০২ সালে ডিস্ট্রিক্ট ও পাবলিক চার্টার স্কুলসহ ৫২৯টি উভয় ধরনের নতুন স্কুল প্রতিষ্ঠা করেছে যার সবগুলো শিক্ষার্থী সাফল্যে সহায়তা ও উচ্চ প্রত্যাশার সংস্কৃতি বিস্তারের জন্য ক্ষমতায়নকৃত।
- শিক্ষার্থী সাফল্যের জন্য শিক্ষক ও স্কুল লিডারগণ বর্তমানে সর্বকালের চেয়ে অধিক দায়বদ্ধ।

এর ফল?

স্কুল ও শিক্ষার্থীরা সাফল্যের জন্য অধিকতর ভালোভাবে প্রস্তুত।

এটি শুভ সূচনা, তবে আমরা আরও বেশি অর্জন করতে সক্ষম এবং আমরা তা করবো।

ক্লাসরুমের কাজ খুবই গুরুত্বপূর্ণ ভিত্তি যা অব্যাহতভাবে অধিকসংখ্যক শিক্ষার্থীদেরকে নিজেদের মান উন্নত করতে ও অধিক সফল হতে সহায়তা করছে। কলেজ ও কর্মনিযুক্তির জন্য চৌকষ শিক্ষার্থী তৈরির সাধারণ লক্ষ্য অর্জন করতে হলে শিক্ষাবিদ, পিতামাতা, কম্যুনিটি, বিশ্ববিদ্যালয় এবং বেসরকারি খাত– সবাইকে অবশ্যই একযোগে কাজ করতে হবে। আমাদের ছেলেমেয়েদের সাফল্যের জন্য আমাদের সবাইকে যার যার ভুমিকা পালন করতে হবে।

আমাদের ১১ লক্ষ শিক্ষার্থীর জন্য উচ্চতর মান অর্জন করতে মিলিতভাবে কাজ করে আমরা অধিকতর সাফল্য প্রত্যাশা করতে পারি।

যুগ যুগ ধরে নিউ ইয়র্ক সিটির হাই স্কুলগুলোর গ্র্যাজুয়েশনের হার শতকরা ৫০-এ থেমে আছে। তবে ২০১০ সালের চার বছরের গ্র্যাজুয়েশনের হার

ছিলো শতকরা ৬৫। এর অর্থ, আমাদের সিটিব্যাপী ১০ হাজার বেশি শিক্ষার্থী প্রতি বছর পাবলিক স্কুল থেকে গ্র্যাজুয়েট হচ্ছে। এবং শিক্ষার্থী-সাফল্যের জন্য উচ্চতর প্রত্যাশার কারণে ইতিমধ্যে অধিকসংখ্যক শিক্ষার্থী রিজেন্টস্ অর্জন এবং উচ্চতর পাঠক্রম ও অন্যান্য কলেজ পর্যায়ের কোর্স গ্রহণ করছে।

এখনও অনেক কাজ বাকি আছে, তবে আমরা সাফল্যের একটি ভিত্তি স্থাপন করেছি যাতে নির্ভর করে আমরা এগোতে পারি। আমাদের অব্যাহত আস্থা, শিক্ষার্থী ও স্কুলের সাফল্যের উদ্দেশ্যে আমরা আমাদের কর্মোদ্যোগ নিবিষ্ট রাখতে সক্ষম হলে একটি শ্রেষ্ঠ স্কুল ব্যবস্থা সৃষ্টিতে আমরা সক্ষম হবো।

এই ডকুমেন্টে আমরা আমাদের লক্ষ্য ব্যাখ্যা করবো এবং সাফল্যের জন্য আপনাদের সাহায্য চাইবো। আমরা আমাদের ১১ লক্ষ শিক্ষার্থী এবং ১৭ শত স্কুলের মানোন্নয়নের জন্য প্রতিশ্রুতিবদ্ধ।

লক্ষ্য: সব শিক্ষার্থীকে কলেজ পেশার জন্য তৈরি

নিউ ইয়র্ক সিটির সকল শিক্ষার্থী যাতে কলেজ ও কাজের জন্য প্রস্তুত হয়ে গ্র্যাজুয়েশন করে, সেটা নিশ্চিত করতে আমাদেরকে একসাথে মিলে কঠোর কাজ করতে হবে। এই লক্ষ্যটি উচ্চাভিলাষী। আমাদের শিক্ষার্থী, আমাদের অর্থনীতি, এবং আমাদের সিটির জন্যও এটি আবশ্যক।

প্রতিবন্ধী ও ইংরেজি ভাষা শিক্ষার্থীসহ সকল শিক্ষার্থীকে যাতে হাই স্কুল পরবর্তী জীবনের জন্য সাফল্যের সাথে প্রস্তুত করা যায়, শিক্ষকদেরকে সেই লক্ষ্যে তাদের দৈনন্দিন ক্লাসরুমে কঠোর শিক্ষণ অভিজ্ঞতার সৃষ্টি করতে হবে। এই উদ্যোগ শুরু করতে হবে প্রি-কিন্ডারগার্টেন শিক্ষার্থী থেকে এবং তা এলিমেন্টারি, মিডল, এবং হাই স্কুলে অব্যাহত রাখতে হবে। সকল শিক্ষার্থীর কলেজ ও পেশার জন্য প্রস্তুতি তখনই সম্ভব হবে, যখন আমাদের স্কুল ব্যবস্থায় সংশ্লিষ্ট প্রতিটি ব্যক্তি শিক্ষার্থীর সাফল্য অর্জনে তাদের করণীয় দায়িত্বের প্রতি নিবিষ্ট থাকেন। এই যৌথ দায়িত্ব পালনে আমরা প্রতিটি ক্লাসরুমে, প্রতিটি গ্রেডে একযোগে কাজ করবো।

আমরা জানি যে, দ্রুত পরিবর্তনশীল এই বিশ্বে আমাদের শিক্ষার্থীদের বেড়ে উঠতে হলে তাদেরকে সৃষ্টিশীল চিন্তা, সমস্যা সমাধান, কার্যকর যুক্তিপ্রয়োগ এবং বিতর্কে নিয়োজিত হতে শিখতে হবে। আগামী কয়েক বছরব্যাপী নিউ ইয়র্ক এবং ৪০টিরও অধিক অন্যান্য স্টেট নতুন শিক্ষণমানের প্রবর্তন করবে যা প্রস্তুত করা হয়েছে প্রি-কিন্ডারগার্টেন থেকে দ্বাদশ গ্রেড পর্যন্ত শিক্ষার্থীদের কলেজ ও পেশাজগতে সাফল্যের জন্য প্রস্তুত করার লক্ষ্যে। শিক্ষকরা পর্যায়ক্রমে 'কমন কোর' নামের এসব নতুন শিক্ষণ মান ক্লাসরুমে চালু করবেন। কমন কোর স্ট্যান্ডার্ড (অভিন্ন আদর্শমান) আমাদেরকে শিক্ষার্থীদের বিশ্লেষণী চিন্তার উন্মেষ ঘটাতে এবং তাদেরকে জীবনব্যাপী শিক্ষানুরাগীতে পরিণত হতে একটি কার্যকর সুযোগ প্রদান করে।

আমরা বিশ্বাস করি যে, শিক্ষার্থীরা উৎকর্ষ লাভ করে সেসব স্কুলে, যেসব স্কুলের সংস্কৃতি হয় উচ্চ প্রত্যাশাবিশিষ্ট, এবং আমরা এমন একটি স্কুল ব্যবস্থার জন্য কাজ করবো যা শিক্ষার্থীদের সুপ্ত সম্ভাবনাকে রূপায়িত করতে সহায়তা দেয়। আমরা সিটিব্যাপী নতুন নতুন স্কুল প্রতিষ্ঠা করবো যেগুলোকে তৈরিই করা হবে শিক্ষার্থী-সাফল্যের লক্ষ্যে - যেখানে প্রত্যাশা থাকে উঁচু এবং শিক্ষার্থীরা শেখার জন্য উন্মুখ থাকে ও তারা কলেজে ও পেশাগত ক্ষেত্রে সাফল্যের জন্য উদ্বুদ্ধ হয়ে থাকে। এসব লক্ষ্য অর্জনে সাফল্যের জন্য আমাদের প্রয়োজন পিতামাতা, পরিবার ও কম্যুনিটির সহায়তা ও প্রতিশ্রুতি।.

কমন কোর স্ট্যান্ডার্ড (অভিন্ন আদর্শমান) আমাদেরকে শিক্ষার্থীদের বিশ্লেষণী চিন্তার উন্মেষ ঘটাতে এবং তাদেরকে জীবনব্যাপী শিক্ষানুরাগীতে পরিণত হতে একটি কার্যকর সুযোগ প্রদান করে।

নিউ ইয়র্ক সিটির স্কুলসমূহে কমন কোর স্ট্যান্ডার্ড বলতে কী বুঝানো হয়, সে ব্যাপারে জানতে সন্তানের শিক্ষকের কাছে জিজ্ঞাসা করুন বা **http://schools.nyc.gov/Academics/CommonCoreLibrary** ওয়েবসাইটে কমন কোর লাইব্রেরি দেখুন।

পিতামাতাদের জন্য ন্যাশন্যাল পিটিএ কমন কোর গাইড দেখতে **http://www.pta.org/4446.htm** ওয়েবসাইট দেখুন।

নিউ ইয়র্ক স্টেট জুড়ে কমন কোর স্ট্যান্ডার্ড বলতে কী বুঝানো হয়, সে ব্যাপারে জানতে **http://engageny.org** ওয়েবসাইট দেখুন এবং জাতিভিত্তিক তথ্য জানতে **http://corestandards.org** ওয়েবসাইট দেখুন।

লক্ষ্য বাস্তবায়নে আমাদের কৌশল: পরিবারসমূহকে সংশ্লিষ্ট করা

আমাদের ছেলেমেয়েরা তাদের সুপ্ত সম্ভাবনা পূর্ণ বাস্তবায়িত করতে প্রয়োজনীয় দক্ষতা আয়ত্ত করেছে, সেটা নিশ্চিত হওয়ার জন্য শিক্ষার্থীদের কাছে আমাদের উচ্চ প্রত্যাশা নির্ধারণ করতে হবে। আমাদের স্কুলগুলোকে শক্তিশালী করতে প্রিন্সিপ্যাল ও শিক্ষকদের অবশ্যই একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে হবে; তবে এটা স্পষ্ট যে, আমাদের শিক্ষার্থীদের উজ্জ্বলতর ভবিষ্যতের জন্য প্রস্তুত করায় সিটির পাবলিক স্কুলগুলোরও প্রয়োজন পিতামাতা ও পরিবারসমূহকে অপরিহার্য অংশীদার হিসেবে পাওয়া।

পিতামাতা ও পরিবার ছেলেমেয়েদের প্রথম শিক্ষক এবং তাদের সবচেয়ে গুরুত্বপূর্ণ সহয়তার উৎস। তাদের প্রত্যাশার কারণে সন্তান সাফল্যলাভের জন্য উদ্বুদ্ধ হয়। আমরা যখন মানউন্নয়নের চ্যালেঞ্জ গ্রহণ করেছি, তখন আমরা পিতামাতা ও পরিবারকে এই উদ্যোগ বাস্তবায়নের প্রতি আত্মনিয়োগ করতে আহ্বান জানাচ্ছি।

হোমওয়ার্ক পরীক্ষা করা কিংবা পিটিএ মিটিংয়ে অংশগ্রহণ, কিংবা ছেলেমেয়েদের লেখাপড়ার জন্য প্রস্তুত করে সময়মতো স্কুলে পাঠানো ইত্যাদি যেকোন কাজেই হোক, সম্পৃক্ত পিতামাতা ও পরিবার খুবই গুরুত্বপূর্ণ। সম্পৃক্ত পিতামাতা ও পরিবারের সাথে ক্লাসরুমে দক্ষ শিক্ষক ও মানসম্মত শিক্ষকতা মিলিতভাবে আমাদের শিক্ষার্থীদের কলেজ ও কাজের জন্য প্রস্তুতিকে শক্তিশালী করবে। এই উদ্যোগে আমাদের সাথে যোগ দেওয়ার অনেক উপায় আছে। আমাদের 'এনওয়াইসি ফ্যামেলি গাইড' ভালো করে পড়ে দেখার মাধ্যমে এর সূচনা করা যায় (নিচের **http://schools.nyc.gov/ParentsFamilies/NYCFamilyGuide** ওয়েবসাইট দেখুন)।

আমাদের ছেলেমেয়ে ও পরবর্তী প্রজন্মের নেতৃবৃন্দের প্রস্তুতির জন্য আমরা শিক্ষার্থী, পরিবার এবং সিটির প্রতি যে অঙ্গীকার করছি, এখানে তার স্পষ্ট ব্যাখ্যা দেওয়া আছে।

এসব উচ্চতর মান অর্জনে শিক্ষার্থীদের সহায়তার জন্য উচ্চমানের শিক্ষকতা সবচেয়ে শক্তিশালী উপাদান।

কার্যকর পদক্ষেপগ্রহণে আমাদের প্রতিশ্রুতি

অঙ্গীকার ১

শিক্ষকতা ও শিক্ষণে প্রত্যাশা বৃদ্ধি

শিক্ষার্থী-সাফল্যের জন্য আমরা অনেক চেষ্টা করলেও, যথেষ্টসংখ্যক শিক্ষার্থীকে সেসব কঠোর কাজ করতে বলা হয়নি যা কলেজ, পেশা এবং জীবনে সফল হওয়ার জন্য প্রয়োজন হয়। অধিক সংখ্যক শিক্ষার্থীর কলেজে ভর্তি হতে বা পেশায় নিয়োজিত হওয়ার প্রস্তুতির জন্য প্রয়োজন হয় উচ্চতর মান যা 'কমন কোর'-এর সারবস্তু।

এসব উচ্চতর মান অর্জনে শিক্ষার্থীদের সহায়তার জন্য উচ্চমানের শিক্ষকতা সবচেয়ে শক্তিশালী উপাদান। আমাদের কাজ নিশ্চিত করতে চায় যে, সকল শিক্ষার্থী ভালো শিক্ষকতা থেকে লাভবান হচ্ছে। ইতিমধ্যে আমরা সকল শিক্ষককে পেশাদারিত্ব উন্নয়নের সুযোগ করে দিয়েছি যাতে তারা শিক্ষানির্দেশনার মান কমন কোর-এর উচ্চতর মান-এর অনুরূপ পর্যায়ে উন্নীত করতে পারেন। এবং আমরা আমাদের সবচেয়ে দক্ষ শিক্ষকদেরকে তাদের স্কুলের মেন্টর হিসেবে আদর্শ শিক্ষকতা ও পরিসেবাপ্রদানকারীর মডেল হতে দায়িত্ব দেবো।

আমাদের উচ্চতর প্রত্যাশাসম্পন্ন কাজ অবশ্যই স্বল্পমেয়াদের জন্য কার্যকর হবে এবং দীর্ঘমেয়াদের জন্য স্থায়ীও হবে। কমন কোর স্ট্যান্ডার্ড ধাপে ধাপে ২০১৪ থেকে ২০১৫ স্কুল বর্ষে বলবৎ করা হবে, ততদিনে স্টেটের পরীক্ষা এসব নতুন মানদণ্ডের সাথে পূর্ণাঙ্গরূপে সামঞ্জস্যবিধান করা হয়ে যাবে, যা প্রাতিষ্ঠানিক উৎকর্ষের প্রতি আমাদের বর্তমান ও ভবিষ্যত অঙ্গীকারের প্রমাণ দেবে।

নতুন কমন কোর স্ট্যান্ডার্ড-এর উপর অভিনিবেশ প্রদানের সাথে সাথে শিক্ষকদের কার্যকারিতা বৃদ্ধির প্রতি অধিকতর মনোযোগের সম্মিলন ঘটিয়ে আমরা মতামত জানা, সহায়তা লাভ করা, এবং শিক্ষার্থী ও শিক্ষকদের উৎকর্ষের মান বৃদ্ধির উপর ভিত্তি করে ক্রমান্বয়ে অগ্রগতি অর্জনের একটি ধারার সূচনা করবো।

আমরা কি করবো

১ শিক্ষার্থীদেরকে অধিকতর কঠোর ও আকর্ষণীয় অনুশীলনী করতে চ্যালেঞ্জ প্রদান

এ বছর সিটিব্যাপী শিক্ষকগণ কয়েক সপ্তাহ জুড়ে শিক্ষার্থীদের কলেজ ও কর্মনিযুক্তিতে প্রস্তুতির প্রতি নিবিষ্ট কমন কোর আদর্শমানের সাথে সামঞ্জস্যপূর্ণ পাঠক্রমের একটি ইউনিট পড়াবেন। তারপর সর্বনিম্ন গ্রেড থেকে শুরু করে- সিটিব্যাপী প্রতিটি শিক্ষার্থী- এসব নতুন আর্দশামানে দক্ষতা অর্জন সম্পর্কে তাদের সক্ষমতা যাচাইয়ের জন্য সাক্ষরতা ও গণিতে একটি চ্যালেঞ্জপূর্ণ অনুশীলনী নিয়ে কাজ করবে। উদাহরণস্বরূপ:

- সাক্ষরতায়, শুধু গল্প পাঠ ও নিজেদের অভিজ্ঞতা লিখিতভাবে বর্ণনা করার বদলে শিক্ষার্থীরা চ্যালেঞ্জপূর্ণ ননফিকশন (কল্পনাবিবর্জিত) পাঠ্য বিষয়, যেমন প্রেসিডেন্ট লিংকনের গেটিসবার্গে দেওয়া বক্তৃতা বা বিশ্ব উষ্ণায়নের সাম্প্রতিক বিশ্লেষণের ধারা সম্পর্কে পড়বে ও বিশ্লেষণ করবে- এবং এর জবাবে তাদের মতামত ও যুক্তি প্রদান করবে।
- গণিতে সরাসরি সঠিক উত্তর দিয়ে সমস্যা সমাধানের বদলে প্রতিটি শিক্ষার্থী ইঞ্জিনিয়ারিং কিংবা স্ট্যাটিসটিক্স (পরিসংখ্যান) বিষয়ে চ্যালেঞ্জপূর্ণ "বাস্তব-জগতের" সমস্যা সমাধানের সুযোগ পাবে।

ন্যাশন্যাল কমন কোর আদর্শমানের সাথে সকল পরিবার ও কম্যুনিটি সচেতন আছেন, সেটি নিশ্চিত করার জন্য আমরা সিটিব্যাপী কম্যুনিটি এডুকেশন কাউন্সিলের সভায় কমন কোর আদশ্যমান সম্পর্কে তথ্য প্রদান করবো। এসব উপস্থাপনায় পরিবারসমূহ সিটি ও ডিস্ট্রিক্টব্যাপী শিক্ষার্থীদের কার্যসম্পাদনার ধারা সম্পর্কে জানার সুযোগ পাবে। কমন কোর আদর্শমান কিভাবে শিক্ষার্থীদের অগ্রগতিতে সহায়তা করবে, স্টেটের পরীক্ষাগুলো কমন কোর প্রক্রিয়ার মাধ্যমে শিক্ষার্থীরা কতো ভালোভাবে শিক্ষালাভ করছে তা মূল্যায়নে কমন কোর কিভাবে বিবর্তিত হচ্ছে, এবং ২০১১-২০১২ সালের জন্য সিটিব্যাপী শিক্ষানির্দেশনার প্রত্যাশা যা আমাদের শিক্ষার্থীদের বর্তমানে প্রস্তুত হতে সহায়তা করছে, সেগুলো সম্পর্কে পিতামাতাগণ জানতে পারবেন।

২ সকল শিক্ষার্থীকে উচ্চ আদর্শমানে বিচার করা

সিটিব্যাপী স্কুলসমূহে শিক্ষকদের টিম শিক্ষার্থীদের অনুশীলনী ও উপাত্ত পরীক্ষার জন্য এবং প্রতিবন্ধী ও ইংরেজি ভাষা শিক্ষার্থীসহ সকল শিক্ষার্থীদের শিক্ষাগত চাহিদা পূরণের জন্য আবশ্যক শিক্ষানির্দেশনা পরিকল্পনা প্রণয়নের জন্য নিয়মিত মিলিত হন। এ বছর শিক্ষকদের টিম একটি সর্বত্র সমাদৃত, গবেষণালব্ধ প্রক্রিয়া "ইউনিভার্সেল ডিজাইন ফর লার্নিং" (শিক্ষণের সর্বজনীন পরিকল্পনা) অন্তর্ভুক্ত করবেন যা সকল শিক্ষার্থীর জন্য যে কোন পর্যায়ে পাঠক্রম শুরুর নমনীয় কৌশল ব্যবহার করে। স্কুল নেতৃত্ব তাদের শিক্ষার্থী ও শিক্ষকদেরকে কার্যকরভাবে নমনীয় কর্মসূচি প্রদান করার প্রশিক্ষণ দেবেন যাতে তারা সাধারণ শিক্ষার ক্লাসে প্রতিবন্ধী শিক্ষার্থীদের প্রবেশাধিকার বিস্তৃত করতে পারেন।

৩ অর্থপূর্ণ মূল্যায়ন ও সহায়তা প্রদানের মাধ্যমে উচ্চতর কার্যক্ষম শিক্ষার্থী তৈরি

আমাদের অধিকাংশ কার্যকর স্কুলে প্রিন্সিপ্যাল এবং অন্যান্য নেতৃত্বশীল শিক্ষানির্দেশকগণ নিয়মিত ক্লাসরুমে অবস্থান করেন, শিক্ষকদের পর্যবেক্ষণ করেন এবং উৎকর্ষের সঠিক বোধগম্য আদর্শমান সম্পর্কে স্পষ্ট মতামত প্রদান করেন। ২০১১-২০১২ সালে একটি সম্প্রসারিত পরীক্ষণ ও পরবর্তিতে সিটিব্যাপী প্রারম্ভিক পরিচিতিকরণের মাধ্যমে আমরা উপকরণ তৈরি, দক্ষতা অর্জন এবং শিক্ষকদের পর্যবেক্ষণ, সম্প্রসারণশীল ক্ষেত্র চিহ্নিতকরণ, এবং উচ্চমানসম্পন্ন সহায়তা প্রদানের জন্য সকল স্কুলনেতৃবৃন্দকে দায়বদ্ধ করবো। যেসব শিক্ষক তাদের পেশার শুরুতে নেতৃত্বের গুণাবলীর প্রমাণ দেবেন, তাদেরকে আরও উদ্বুদ্ধকরণ ও উন্নয়নের জন্য মনোনীত করা হবে যাতে নিশ্চিত করা যায় যে আগামীতে প্রিন্সিপ্যালের দায়িত্ব পালনের জন্য উৎকর্ষমণ্ডিত শিক্ষানির্দেশকগণ এগিয়ে আসছেন।

৪ কলেজ ও পেশায় নিয়োজিত হওয়ার জন্য প্রস্তুতির "বেঞ্চমার্ক" (স্তর) নির্ণয় করা

হাই স্কুল শেষ হলে গ্র্যাজুয়েটদের জন্য যা আসবে, সেটার জন্য শিক্ষার্থীদের প্রস্তুত করতে আমরা কলেজ ও পেশা-প্রস্তুতির "বেঞ্চমার্ক" তৈরি করবো যা কলেজে ও কর্মক্ষেত্রে সফল হওয়ার জন্য প্রতিটি গ্রেডে শিক্ষার্থীদের যেসব দক্ষতা ও অভিজ্ঞতা অর্জন করতে হবে, এগুলোর মধ্যে আছে:

- শিক্ষার্থীর কার্যসম্পাদনার পরিমাপ (যেমন রিজেন্টস পরীক্ষার স্কোর ও সংগৃহীত ক্রেডিট)
- অপ্রাতিষ্ঠানিক দক্ষতা (যেমন অধ্যবসায় ও আত্মনির্ভরশীলতা).
- কার্যকর পদক্ষেপ (যেমন ফাইনেনশিয়াল এইড বা আর্থিক সহায়তার ফরম জমা দেওয়া বা কলেজ ক্যাম্পাস পরিদর্শন করা)।

প্রারম্ভিক গ্রেডগুলোতে ভবিষ্যত কলেজ ও পেশা-প্রস্তুতির প্রমাণ দিতে হলে ছেলেমেয়েদের কী কী জানতে হবে ও করতে সমর্থ হতে হবে, এসব বেঞ্চমার্ক তার একটি সামগ্রিক চিত্র তুলে ধরবে। সময় আসলে ডিপার্টমেন্ট অব এডুকেশন এসব বেঞ্চমার্কের তুলনায় শিক্ষার্থীর ব্যক্তিক ও প্রকৃত অগ্রগতির তথ্য শিক্ষার্থী, পরিবার ও স্কুলগুলোর কাছে তুলে ধরার জন্য উপকরণ তৈরি করবে এবং তাদেরকে শিক্ষার্থীদের কলেজ ও পেশায় নিয়োজিত হওয়ার জন্য প্রস্তুতি গ্রহণ করতে প্রয়োজনীয় কৌশল উদ্ভাবনের পরিকল্পনা তৈরিতে তাদেরকে সহায়তা করবে।

আমাদের অধিকাংশ কার্যকর স্কুলে প্রিন্সিপ্যাল এবং অন্যান্য নেতৃত্বশীল শিক্ষানির্দেশকগণ নিয়মিত ক্লাসরুমে অবস্থান করেন, শিক্ষকদের পর্যবেক্ষণ করেন এবং উৎকর্ষের সঠিক বোধগম্য আদর্শমান সম্পর্কে স্পষ্ট মতামত প্রদান করেন।

শিক্ষার্থীদের সাফল্যের জন্য সকল স্কুল যাতে প্রয়োজনীয় সবকিছু সরবরাহ করতে পারে, সেটা নিশ্চিত করার জন্য আমরা তাদেরেকে উচ্চ মানের সহায়তা দিতে অঙ্গীকারবদ্ধ।

অঙ্গীকার ২

নতুন স্কুল স্থাপন এবং বিদ্যমান স্কুলসমূহে সহায়তা দান

সাফল্য অর্জনের জন্য আমাদের অঙ্গীকার বাস্তবায়নের শর্ত সিটির সকল শিক্ষার্থীকে যেসব স্কুল শিক্ষার্থী সাফল্যের জন্য তৈরি করা হয়েছে, সেসব স্কুলে যেতে হবে। শিক্ষার্থীর জন্য অধিক সাফল্য ও শিক্ষকদের জন্য শিক্ষানির্দেশনার উৎকর্ষ সেসব স্কুলেই সম্ভব, যেসব স্কুলে উচ্চ প্রত্যাশার সংস্কৃতি প্রতিষ্ঠিত আছে।

শিক্ষার্থীদের সাফল্যের জন্য সকল স্কুল যাতে প্রয়োজনীয় সবকিছু সরবরাহ করতে পারে, সেটা নিশ্চিত করার জন্য আমরা তাদেরেকে উচ্চ মানের সহায়তা দিতে অঙ্গীকারবদ্ধ। আমাদের স্কুল সাপোর্ট নেটওয়ার্ক – প্রত্যেক প্রিন্সিপ্যালের নির্বাচিত কোচদের টিম – স্কুলগুলোকে প্রিন্সিপ্যাল ও শিক্ষকদের পেশাদারিত্ব উন্নয়নে ও এবং স্কুলব্যাপী ভালো অনুশীলন বজায় রেখে তাদের শিক্ষানির্দেশনাগত লক্ষ্য অর্জনে সহায়তা করে। নেটওয়ার্ক ব্যবস্থা স্কুলগুলোকে তাদের চাহিদা অনুযায়ী অধিক স্বাতন্ত্র্যমণ্ডিত সহায়তা দিতে এবং প্রতিটি স্কুলকে সিদ্ধান্তগ্রহণের অধিকতর কর্তৃত্ব প্রদানে আমাদেরকে সক্ষমতা দেয়।

ব্যাপক সহায়তা প্রদান করার পরও স্কুল যখন শিক্ষার্থীদের সাফল্য অর্জনে সহায়তা দিতে ব্যর্থ হয়েছে, আমরা তখন সেগুলোকে ধাপে ধাপে বন্ধ করে দিয়েছি এবং সে স্থলে নতুন স্কুল প্রতিষ্ঠা করেছি যেগুলো সিটির সবচেয়ে শক্তিশালী, উচ্চ-মানবিশিষ্ট স্কুলগুলোর অন্যতম। এসব নতুন স্কুলের গ্র্যাজুয়েশনের হার এগুলো যেসব স্কুলের স্থলাভিষিক্ত হয়েছে, সেগুলোকে অতিক্রম করে গেছে। তদুপরি, এসব নতুন স্কুলগুলো বহুমুখী প্রতিভা আকর্ষণ করছে, যাদের মধ্যে আছে একদল স্কুল নেতৃত্ব, যারা ইতিবাচক পরিবর্তনের সম্ভাবনা দেখে অনুপ্রাণিত।

প্রতিষ্ঠিত প্রতিটি নতুন স্কুলে আমরা নিশ্চিত করেছি যে সেখানে প্রতিটি ছেলেমেয়ের জন্য রয়েছে সঠিক বিকল্প এবং প্রতিটি পরিবারের ছেলেমেয়েদের বেড়ে ওঠার জন্য রয়েছে যথেষ্ট সুযোগ। বিগত নয় বছরে আমরা হারলেম, সেন্ট্রাল ব্রুকলিন, এবং সাউথ ব্রংক্স, ইত্যাদি ঐতিহাসিকভাবে এসব সুবিধাবঞ্চিত কম্যুনিটিতে এসব উদ্যোগ কেন্দ্রীভূত করেছিলাম। আমাদের কৌশল শিক্ষার্থীদের জন্য নাটকীয় সাফল্য এনে দিয়েছে, তবুও সিটিব্যাপী বহুসংখ্যক কম্যুনিটিতে এখনও উচ্চ মানসম্পন্ন হাই স্কুলের অভাব রয়ে গেছে। এসব সুবিধাবঞ্চিত কম্যুনিটির চাহিদা পূরণের জন্য যতক্ষণ না সিটির প্রতিটি পরিবার একটি উৎকর্ষমণ্ডিত স্কুলের পরিসেবা লাভের সুবিধা পায়, ততক্ষণ আমাদেরকে অব্যাহতভাবে কাজ করে যেতে হবে।

আমরা কি করবো

১ অধিকসংখ্যক শিক্ষার্থী ও পরিবারকে উচ্চমানের সুযোগ-সুবিধা প্রদানের জন্য প্রতি বছর ৫০টি নতুন স্কুল প্রতিষ্ঠা করবো।

নবীন নেতৃত্ব ও অনুপ্রাণিত শিক্ষকমণ্ডলী নিয়ে নতুন স্কুল প্রতিষ্ঠা করে প্রাণ সঞ্চার করা হচ্ছে সেসব পুরনো ভবনগুলোতে, যে ভবনগুলো শিক্ষার্থী ও শিক্ষক উভয়ের কাছে ছিলো উদ্দীপনাহীন। পরিমাণগত ও গুণগত উপাত্ত থেকে দেখা যায় যে, নিউ ইয়র্ক সিটির নতুন স্কুলগুলো বেশি আকর্ষণীয় ও শিক্ষার্থীরা সেখানে বেশি সমৃদ্ধ। নতুন স্কুল প্রতিষ্ঠার ক্ষেত্রে পাবলিক চার্টার ও ডিস্ট্রিক্ট স্কুল, উভয়ের প্রতিই অভিনিবেশ প্রদান করা হয়, সাথে সাথে মিডল্ স্কুলের প্রতিও গুরুত্ব প্রদান করা হবে- যেখানে আমাদের শিক্ষার্থীরা সবচেয়ে বেশি সমস্যা আক্রান্ত। ভবিষ্যত প্রজন্মকে যাতে পথ দেখাতে পারে, সেজন্য আমরা সেসব সংগঠনগুলো খুঁজবো, যেগুলোর শক্তিশালী ট্র্যাক রেকর্ড আছে এবং যেগুলো সিটিব্যাপী সবচেয়ে সাফল্য দেখিয়েছে। এছাড়াও আমরা সেসব স্কুলগুলোর পরিবেশগত বিষয়ে হস্তক্ষেপ অব্যাহত রাখবো, যেগুলো বার বার শিক্ষার্থীদের চাহিদা পূরণে ব্যর্থ হয়েছে। ডিপার্টমেন্ট নির্ণয় করবে স্কুলে কোন্ বিষয়টি কাজ করছে এবং কোন্ বিষয়ে উন্নতি করতে হবে। ডিস্ট্রিক্ট নেতৃত্ব উপাত্ত ও কম্যুনিটির মতামত বিবেচনা করবে যাতে সমস্যাক্রান্ত স্কুলগুলো সম্পর্কে যথার্থ সিদ্ধান্ত গ্রহণ করা যায়।

২ পর্যাপ্ত স্থান ও শিক্ষার পরিবেশ নিশ্চিত করা

একটি সফল স্কুলের থাকে একটি স্বচ্ছন্দ্য পরিবেশ যা লেখাপড়ার চর্চাকে সম্ভব করে। আমাদের বহুমুখী কম্যুনিটিকে পরিসেবা দেওয়ার জন্য আমরা যখন নতুন নতুন স্কুল প্রতিষ্ঠা করছি, আমাদেরকে অবশ্যই সেইসব শিক্ষার্থীর উপযুক্ত স্থান সংকুলান করতে হবে। নিউ ইয়র্ক সিটির অনেক এলাকায় ভবন নির্মাণের স্থানের খুব অভাব। এই বাস্তবতা এবং পাবলিক স্কুলের পরিবারসমূহের মাঝে উচ্চমানবিশিষ্ট স্কুলের ক্রমবর্ধমান চাহিদার কথা বিবেচনায় রেখে আমাদেরকে অবশ্যই বিদ্যমান পাবলিক স্কুল ভবনকে সবরকম সম্ভাব্য দক্ষতার সাথে ব্যবহার করতে হবে। ডিপার্টমেন্ট অবশ্যই স্কুলগুলোকে একটি ভবনের মধ্যে পাশাপাশি অবস্থান করতে দিতে হবে। আমরা যেসব ভবনে স্থান খালি আছে, সেগুলোতে সামঞ্জস্যবিধান করে স্কুলগুলোকে স্থান দেই এবং আসনসংখ্যা বাড়ানর জন্য নির্মিত নতুন স্কুল ব্যবহার করি। এভাবে আমরা ক্রমসম্প্রসারণশীল স্কুলের দাবি পূরণ করি।

১ ন্যায়সঙ্গত উচ্চমানের সুযোগ-সুবিধা দেওয়ার জন্য ভর্তির নিয়ম ও বিকল্প কর্মসূচির ব্যবহার

ভর্তি পদ্ধতির কারণে আমাদের নতুন স্কুল প্রতিষ্ঠার উদ্যোগ শক্তিশালী হবে যা প্রতিবন্ধী ও ইংরেজি ভাষা শিক্ষার্থী, এবং স্কুল বর্ষের বিভিন্ন পর্যায়ে স্কুল ব্যবস্থায় আগত শিক্ষার্থীসহ সকল শিক্ষার্থীকে উচ্চমানের স্কুল ও কর্মসূচিতে ভর্তির সুযোগ প্রদান করে।

৪ স্কুল-উন্নয়নের প্রচেষ্টায় সহায়তা দেয়ার জন্য স্পেশালাইজড নেওয়ার্ক এক্সপার্ট-এর পরিসেবা প্রদান

সমস্যাগ্রস্ত স্কুলগুলোর প্রায়শঃ সহায়তা কাঠামো পরিবর্তন প্রয়োজন হয় যাতে তাদের কাছে জন্য উপকরণগুলোর লভ্যতা সবচেয়ে বেশি হয়। এই হেমন্তে আমাদের টিমগুলোর নিবেদিত পেশাদারগণ প্রোগ্রেস রিপোর্টসহ উপাত্ত ব্যবহার করবেন যাতে সাহায্যের প্রয়োজন যেসব স্কুলের বেশি, তাদেরকে সনাক্ত করা যায়। সবচেয়ে কম কার্যসম্পাদনকারী স্কুলগুলোর জন্য, যেসব স্কুল অকার্যকর প্রমাণিত হয়েছে, সেগুলোকে আমরা ধাপে ধাপে বন্ধ করে দেওয়ার এবং সেখানে নতুন স্কুল প্রতিস্থাপন করার কৌশল সুপারিশ করতে পারি। অন্যান্য সমস্যাগ্রস্ত স্কুলগুলোর মধ্যে যেগুলো পুনরায় অগ্রগতি অর্জনে সক্ষমতা প্রদর্শন করে, নেটওয়ার্ক সেসব স্কুলকে আরও ব্যাপক সহায়তা প্রদান করবে।

সব শিক্ষার্থীকে কলেজ ও পেশার জন্য প্রস্তুতি দিয়ে গ্র্যাজুয়েট করার লক্ষ্য অর্জনে পিতামাতা ও পরিবারই হচ্ছে অপরিহার্য সহযোগী যাদেরকে আমাদের স্কুলগুলোর প্রয়োজন।

অঙ্গীকার ৩

অপরিহার্য অংশীদার হিশেবে পরিবারসমূহকে সজ্ঞাত ও সংশ্লিষ্ট রাখতে হবে

ছেলেমেয়েদের কলেজ ও কর্মজগতে অংশগ্রহণ করার পথে সাফল্যের সাথে এগিয়ে যাওয়ায় পরিবারসমূহ একটি শক্তিশালী ভূমিকা রয়েছে। সব শিক্ষার্থীকে কলেজ ও পেশার জন্য প্রস্তুতি দিয়ে গ্র্যাজুয়েট করার লক্ষ্য অর্জনে পিতামাতা ও পরিবারই হচ্ছে অপরিহার্য সহযোগী যাদেরকে আমাদের স্কুলগুলোর প্রয়োজন। শিক্ষার্থীদেরকে সে লক্ষ্যে পরবতী পদক্ষেপ গ্রহণে সহায়তা দেওয়া শুধু প্রিন্সিপ্যাল ও শিক্ষকদের প্রাত্যহিক কাজ নয়, শিক্ষার্থীদের নিজেদেরকে ও তাদের মঙ্গলাকাঙ্ক্ষীদেরকেও কাজ করতে হবে। আমরা পরিবারসমূহকে সক্রিয়ভাবে সংশ্লিষ্ট করে আমাদের সবার সাধারণ উদ্দেশ্যকে বাস্তবায়িত করার জন্য এসব অংশীদারিত্বকে প্রতিষ্ঠিত ও শক্তিশালী করতে কাজ করবো।

সজ্ঞাত ও সংশ্লিষ্ট পিতামাতা ও পরিবার শিক্ষার্থীদেরকে ভালো ফল অর্জন করা ও অধিক সফল শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার পথে পরিচালিত করেন। এই অংশীদারিত্ব যাতে ভালোভাবে কাজ করে, সে কাজে সহায়তা করতে আমরা প্রি-কিন্ডারগার্টেন থেকে ১২ গ্রেড পর্যন্ত শিক্ষার্থীদের পরিবারসমূহের জন্য একটি ফ্যামেলি গাইড তৈরি করেছি যাতে তাদের সাথে শিক্ষার্থীদের অভিজ্ঞতার গুরুত্বপূর্ণ বিষয়গুলো বিস্তারিত অবগত করা সম্ভব হয়। বিভিন্ন বয়সে শিক্ষার্থীরা কী কী শিখবে বলে প্রত্যাশিত এবং তাদের অগ্রগতি সম্পর্কে কোন্ ধরনের প্রশ্ন করতে হবে, পিতামাতা ও অভিভাবক এতে সেসব তথ্য লাভ করবেন। সন্তানদের লেখাপড়ায় উৎসাহ দিতে পরিবারসমূহ বাড়িতে কোন্ ধরনের কর্মকাণ্ড করবে, সেটা থেকে শুরু করে স্কুল থেকে সহায়তা লাভ করা পর্যন্ত বিভিন্ন বিষয় ১০টি ভাষায় ছাপা এসব গাইড সুনির্দিষ্ট, বাস্তব পরামর্শ প্রদান করে যা অপরিহার্য অংশীদার হিসেবে পরিবারসমূহকে সজ্ঞাত ও সংশ্লিষ্ট করে (**http://schools.nyc.gov/ParentsFamilies/NYCFamilyGuide** ওয়েবসাইট পরিদর্শন করুন)।

প্রকৃত অংশীদারিত্বের অর্থ আমরা যেভাবে শুনি, সে অনুযায়ী উন্নতি করা এবং পিতামাতা ও পরিবারের সাথে কাজ করা। আমাদের কৌশলের একটি গুরুত্বপূর্ণ অংশ পরিবারের ও কম্যুনিটির অংশদারিত্বকে গুরুত্ব দেওয়া, নিশ্চিত করা যে, আমাদের ডিপার্টমেন্টের ডিভিশন অব ফ্যামেলি অ্যান্ড কম্যুনিটি এনগেজমেন্ট পরিবার, স্কুল এবং কম্যুনিটি অংশীদারিত্ব গঠন ও স্থায়ী করার ক্ষেত্রে আগে থেকে একটি সক্রিয় জাতীয় আদর্শে পরিণত হয়েছে।

আমরা কি করবো

১ প্যারেন্ট-টিচার কনফারেন্সের কার্যকারিতা বৃদ্ধি

ডিপার্টমেন্ট পিতামাতা ও পরিবারসমূহকে সহায়তার জন্য নিচে উল্লিখিত বিষয়গুলোসহ বিভিন্ন উকপরণ প্রস্তুত করবে, যাতে হেমন্ত ও বসন্ত প্যারেন্ট-টিচার কনফারেন্স থেকে অধিক সহায়তা সুবিধা লাভ করতে পারে:

- যেসব গুরুত্বপূর্ণ প্রশ্ন এবং বিষয়ে তারা তাদের সন্তানদের শিক্ষকদের সাথে আলোচনা করতে পারেন, সে বিষয়ে পরিবারের জন্য পরামর্শ।
- ছেলেমেয়েরা যাতে নতুন মান অর্জন করতে পারে, তাতে সহায়তার জন্য যেসব কর্মকাণ্ড পিতামাতা বাড়িতে করতে পারেন।

অনুরূপভাবে, প্রিন্সিপ্যাল ও শিক্ষাকমণ্ডলী যা থেকে লাভবান হতে পারেন:

- কার্যকর প্যারেন্ট-টিচার কনফারেন্সের উদাহরণ ইতিমধ্যে আমাদের বিভিন্ন স্কুলেই রয়েছে যা থেকে অন্যান্য স্কুলগুলো সেসব বিষয়ে শিক্ষা নিতে পারে।
- অংশগ্রহণ বৃদ্ধি করার জন্য স্কুলগুলো নিজেদের মতো করে বিভিন্ন উপকরণ, যেমন প্যারেন্ট-টিচার কনফারেন্সের নমুনা ফ্লায়ার, সাইন, এবং ফলো-আপ নোট ইত্যাদি তৈরি।
- স্কুলগুলো নতুন কমন কোর স্ট্যান্ডার্ড প্রবর্তনের পর পাঠক্রমে যেসব পরিবর্তন হবে, সেগুলো ব্যাখ্যা করে নিজেদের মতো করে বিভিন্ন উপকরণ তৈরি করতে পারে।

২ পরিবারসমূহকে তাদের সন্তানদের জন্য সঠিক স্কুল সনাক্ত করায় সহায়তা

আমাদের তৈরি নতুন বিকল্প স্কুলগুলো পরিবারসমূহকে তাদের সন্তানদের ভর্তি করার জন্য বহুবিধ সুবিধা প্রদান করে যাতে তারা তাদের সন্তানের বৈশিষ্ট অনুযায়ী মানানসই স্কুলে ভর্তি করতে পারেন। আমাদের ভর্তি প্রক্রিয়া যাতে আরও স্বচ্ছ হতে পারে, সে ব্যাপারে আমরা দায়বদ্ধ এবং আমরা স্কুলের সাথে সংশ্লিষ্ট সকল তথ্য প্রদান করে এবং তা পিতামাতাদের জন্য সহজলভ্য করবো যাতে পরিবারসমূহ তাদের সন্তানদের ভর্তির জন্য শ্রেষ্ঠ স্কুল বেছে নিতে সক্ষম হন। আমরা একটি শক্তিশালী ও সুচিন্তিত স্কুল নির্বাচন পদ্ধতি অনুসরনের জন্য অনলাইন প্রযুক্তি ব্যবহার করবো। এছাড়াও বিভিন্ন পরিবারসমূহ তাদের কম্যুনিটিতে বিদ্যমান স্কুলসমূহ সম্পর্কে যেসব উদ্বেগ প্রকাশ করেন, সেগুলোর প্রতিও আমরা মনোযোগ দেবো এবং নতুন বিকল্প স্কুলসমূহের পক্ষ সমর্থন করে তথ্য প্রদান করবো।

৩ নতুন স্কুল পদ্ধতিকে আরও উন্মুক্ত ও প্রবেশযোগ্য করা

পরিবারসমূহের প্রয়োজন সন্তানের লেখাপড়া নিয়ে তাদের মনে যখন কোন প্রশ্ন জাগবে, তখন কার কাছে জিজ্ঞাসা করতে হবে। স্কুলগুলোকে অবশ্যই সক্রিয় জবাবদানে সক্রিয় হতে হবে এবং শিক্ষার্থীদের পরিবারসমূহকে সংশ্লিষ্ট করতে প্রতিশ্রুতিশীল হতে হবে। ডিপার্টমেন্ট নিশ্চিত করবে যে, স্কুল সামাধান দিতে অপারগ হলে পরিবারসমূহকে সমাধানের জন্য যেখানে যেতে হবে, পিতামাতারা তা অবগত আছেন। স্কুলগুলো পিতামাতাদেরকে স্কুল সম্পর্কিত বিষয়ে সহায়ক ব্যক্তি বা উপকরণ, যেমন প্যারেন্ট কোঅর্ডিনেটর এবং নেটওয়ার্ক ও ডিপার্টমেন্টের যে ওয়েবসাইটে ডিপার্টমেন্ট সম্পর্কে প্রয়োজনীয় তথ্য রয়েছে, সে সম্পর্কে তথ্য প্রদান করবে।

আমরা যা করবো:

- স্কুল ও পরিবারের অংশীদারিত্বের জন্য নতুন মানদণ্ড তৈরি ও চালু করবো। স্কুলগুলো পিতামাতাদের জন্য একটি স্বচ্ছ পরিবেশ তৈরি করে কীভাবে পিতামাতাদেরকে অবগত ও আকর্ষণে সফলভাবে কাজ করছে, সেটা মূল্যায়ন করতে এসব মানদণ্ড ব্যবহার করা হবে।
- আমরা পুরো স্কুল ব্যবস্থা জুড়ে একটি “প্যারেন্ট অ্যাকাডেমি” সৃষ্টি করবো যার লক্ষ্য হবে সিটিব্যাপী সজ্ঞাত ও সংশ্লিষ্ট পিতামাতাদের নেতৃত্ব প্রতিষ্ঠা করা। আমাদের প্যারেন্ট অ্যাকাডেমি স্কুলভিত্তিক ফ্যামেলি ভলান্টিয়ার ও প্যারেন্ট কোঅর্ডিনেটরদের প্রশিক্ষণ, কর্মশালা, এবং সহায়তা প্রদান করবে।

• পিতামাতা ও স্কুল কম্যুনিটির মধ্যস্থ গুরুত্বপূর্ণ সম্পর্কের সুস্পষ্ট সীমারেখা ও প্রত্যাশা নির্ধারণ করে প্যারেন্ট কোঅর্ডিনেটরদের ভূমিকা নতুন করে ভাবা ও নতুন করে সংজ্ঞায়িত করা যাতে স্কুল কম্যুনিটিকে আরও ভালো সহায়তা দেওয়া যায়। আমরা কম্যুনিটি সুপারিনটেনডেন্ট অফিসের সাথে কাজ করবো যাতে প্যারেন্ট কোঅর্ডিনেটরদের সাথে একযোগে ভালোভাবে কাজ করা যায় ও তাদেরকে সহায়তা দেওয়া যায়।

৪ পরিবারসমূহের মতামত লাভের জন্য আমাদের পদ্ধতিকে সুচারু করতে হবে।

স্কুল উন্নয়নে সত্যিকার অংশীদার হতে গেলে আমাদের প্রয়োজন পরিবারসমূহের কাছে দায়বদ্ধ হওয়া এবং তাদের উদ্বেগসমূহ জানার জন্য একটি চলমান, পদ্ধতিগত উপায় থাকা। আমাদের স্কুল সমীক্ষা, যার মাধ্যমে স্কুলগুলো আলাদা আলাদাভাবে পিতামাতার সন্তুষ্টির জন্য দায়বদ্ধ, তাকে ভিত্তি করে অগ্রসর হওয়ার জন্য আমরা এই গ্রীষ্মে চ্যান্সেলরের ফ্যামেলি ফিডব্যাক (পরিবারের মতামত জ্ঞাপন) ফরম চালু করেছি। শিক্ষার্থী–সাফল্যের জন্য স্কুলগুলোকে দায়বদ্ধ রাখার বিভিন্ন পদ্ধতিকে সুচারু করার সাথে সাথে আমরা পিতামাতাদের দৃষ্টিভঙ্গী কার্যকর করার জন্য নতুন নুতন উপায় বিবেচনা করবো। আমরা প্রাপ্ত তথ্য পরিবারের সাথে অংশীদারিত্ব বৃদ্ধির কাজে ব্যবহার করবো, যেমন:

• মিডল স্কুলের অবস্থাকে পুনরায় উন্নতির দিকে নিয়ে যাওয়ার চ্যান্সেলরের প্রতিশ্রুতির অংশ হিসেবে আমরা মিডল স্কুলের শিক্ষার্থীদের পিতামাতা, প্যারেন্ট কোঅর্ডিনেটর, শিক্ষক, এবং প্রিন্সিপ্যালদের একটি ওয়ার্কিং গ্রুপ গঠন করবো যাতে নির্ধারণ করা যায় যে ছেলেমেয়েরা যখন মিডল স্কুলে অবস্থান করে, তখন কী পদ্ধতিতে সবচেয়ে ভালোভাবে পিতামাতা সংশ্লিষ্টতা উৎসাহিত করা ও বজায় রাখা যায়। শিক্ষার্থীরা যাতে মিডল স্কুলে দিশেহারা হয়ে না পড়ে এবং তারা সাফল্যের পথে এগিয়ে যেতে পারে, সেজন্য আমরা মিডল স্কুল ও পিতামাতাদের মধ্যে যোগাযোগ উন্নত করতে ওয়ার্কিং গ্রুপের পরামর্শ অনুযায়ী প্রতিটি মিডল স্কুলকে কিছু উপায় বাৎলে দেবো।

সজ্ঞাত ও সংশ্লিষ্ট পিতামাতা ও পরিবার শিক্ষার্থীদেরকে ভালো ফল অর্জন করা ও অধিক সফল শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার পথে পরিচালিত করেন।

মানউন্নয়ন করার জন্য আমাদের সাথে যোগ দিন

পৃথিবী দ্রুত বদলাচ্ছে। কর্মক্ষেত্রে প্রতিযোগিতায় ভালো করতে হলে উচ্চ স্তরের শিক্ষগত সাফল্য এবং অধিকতর জটিল দক্ষতায় সমৃদ্ধ হওয়া প্রয়োজন। কলেজে ভর্তি হওয়া, যা এক সময় কিছু কিছু ছেলেমেয়েদের লক্ষ্যবস্তু ছিলো, বর্তমান যুগে তা ভালো চাকরি পাওয়া ও আর্থিক নিরাপত্তার জন্য অপরিহার্য হয়ে পড়েছে। সময় বদলেছে, এবং আমাদের শিক্ষা ব্যবস্থারও পরিবর্তন অপরিহার্য হয়ে পড়েছে। তাই বদলাতে হবে। আমাদের ছেলেমেয়েদের কলেজ, পেশা ও জীবনে সফল হবার জন্য প্রস্তুত করতে হলে আমাদের সিটির স্কুলগুলোকে অবশ্যই শিক্ষার উচ্চতর মানদণ্ড প্রত্যাশা ও সমর্থন করতে হবে যা সজ্ঞাত ও সংশ্লিষ্ট পিতামাতারা ইতিমধ্যে বরণ করে নিয়েছেন।

আমাদের ১ হাজার ৭ শয়েরও অধিক পাবলিক স্কুলে যে কাজটি করতে আমরা প্রতিশ্রুতিবদ্ধ: ছেলেমেয়েদেরকে তাদের সুপ্ত সম্ভাবনাকে বাস্তবায়ন এবং পরবর্তী প্রজন্মের নেতৃত্বের দায়িত্ব গ্রহণের জন্য জন্য প্রস্তুত করা। শিক্ষাথী, শিক্ষকমণ্ডলী, পিতামাতা, এবং পরিবারসমূহ এই উদ্যোগের সার-সত্তার চাইতেও অধিক- একসাথে মিলে তারা আমাদের সিটির হৃৎপিণ্ডকে চালু রেখেছে।

আমরা একসাথে কাজ করে এই চ্যালেঞ্জ মোকাবেলা করতে সক্ষম হবো। আমরা প্রতিশ্রুতিবদ্ধ এবং আশাবাদী। আমরা প্রতিদিন ১১ লক্ষ সম্ভাবনাকে বাস্তবায়িত হতে দেখি। *আমাদের সাথে যোগ দিন।*

" আজকের বিশ্বে আমাদের শিক্ষাথীদের কলেজ ও পেশার জন্য প্রস্তুত করার জন্য আমাদের প্রয়োজন একযোগে কাজ করা। স্কুলগুলোর জন্য উদ্দীপনা জাগাতে এবং শিক্ষাথীদের সফল করতে আমাদের সাথে যোগ দিন। "

ডেনিস এম. ওয়ালকট,
চ্যান্সেলর

Michael R. Bloomberg
Mayor

Department of Education

Dennis M. Walcott
Chancellor

http://schools.nyc.gov

নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশনের নীতি হচ্ছে আইন অনুসারে এর শিক্ষা কর্মসূচি ও কর্মকাণ্ডে জাতি, বর্ণ, ধর্ম, রাষ্ট্রিক পরিচয়, নাগরিকত্ব/অভিবাসনগত অবস্থা, প্রতিবন্ধিতা, বিবাহের অবস্থা, যৌনতা, যৌন পক্ষপাতিত্ব, লিঙ্গ পরিচয়/অভিব্যক্তির ভিত্তিতে বৈষম্য না করা, এবং যৌন হয়রানিমুক্ত পরিবেশ বজায় রাখা।

T&I-16913 Raising the Bar (Bengali) Rev